দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 27 MAY 1989
পৃষ্ঠা 4 কলাম 1

89

## কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও বাকসু নেতৃবৃন্দের প্রতি আবেদন

গত ৪ঠা মে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ অর্থাৎ বাকসুর নির্বাচন অত্যন্ত শান্তি-শৃংখলার সাথে অনুষ্ঠিত হয়। দীর্ঘ দশ বছর পর অনুষ্ঠিত এই নির্বাচনে বিজয়ীদের নিকট ছাত্র-ছাত্রীদের রয়েছে অনেক আশা ও দাবী। যেমন :-

(১) এই বিশ্ববিদ্যালয়ের সেশন জট অন্যান্য বিশ্ববিদ্যালয়ের চেয়ে অনেক বেশী। এই সেশন জট নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।

(২) বর্তমানে হলসমূহের ডাইনিং এবং টিএসসি'র ক্যাফেটেরিয়ার খাবারের মান নিম্ন। হল ডাইনিং ও টিএসসি ক্যাফেটেরিয়ায় সাবসিডি প্রদান।

(৩) বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে এবং ময়মনসিংহ শহরগামী রাস্তার অবস্থা অত্যন্ত খারাপ। এ রাস্তাঘাটের উন্নয়ন।

(৪) বাসের স্বল্পতা তদুপরি লক্কড়মার্কা বাস সার্ভিসের কারণে কৃষি বিশ্ববিদ্যালয় বাস সার্ভিসের অবস্থা করুণ। এ সমস্যার সমাধানে প্রয়োজনীয় সংখ্যক নতুন বাস ক্রয় এবং লক্কড় মার্কা বাসগুলোর উন্নয়ন অপরিহার্য।

(৫) বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের ওপর চাপিয়ে দেয়া একটি দুঃখজনক ঘটনার কারণে দীর্ঘদিন পর্যন্ত বন্ধ কৃষি বিশ্ববিদ্যালয় রেলস্টেশন চালুকরণ।

(৬) বর্তমানে ছাত্র বৃত্তি মাসিক মাত্র একশ' টাকা দিয়ে কোন ছাত্রের মাসিক গড়পড়তা ব্যয়ের এক-দশমাংশ নির্বাহ করাও মুশকিল। এজন্য মাসিক ছাত্র বৃত্তি অন্যূন তিনশ' টাকার উন্নীতকরণ।

(৭) হলসমূহে হল লাইব্রেরী চালু করা।

(৮) হল মিলনায়তনসমূহে দৈনিক সংবাদপত্র এবং সাময়িকী বর্তমান অপ্রতুলতা দূরীকরণ।

(৯) বিশ্ববিদ্যালয় হেলথ সেন্টারে চিকিৎসা সুবিধার আধুনিকায়ন, অব্যবহৃত চিকিৎসা সরঞ্জামসমূহের ব্যবহার নিশ্চিতকরণ। এসব সমস্যা সমাধানে বাকসু নেতৃবৃন্দ এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করছি।

মো: আলাউদ্দিন (আলো),
পূর্ব-৩৭, শাহজালাল হল,
বা,কৃ,বি ময়মনসিংহ।